

া সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৮৮৭

১৩/ কিতাবুল ফারাইয (کتاب الفرائض)

পরিচ্ছেদঃ ১২৬, দাদীর মিরাছ সম্পর্কে।

باب مَا جَاءَ فِي مِيرَاتِ الْجَدِّ

আরবী

حَدَّثَنَا وَهْبُ بْنُ بَقِيَّةَ، عَنْ خَالِدٍ، عَنْ يُونُسَ، عَنِ الْحَسَنِ، أَنَّ عُمَرَ، قَالَ أَيُّكُمْ يَعْلَمُ مَا وَرَّثَ رَسُولُ اللَّهِ وَلَّ رَسُولُ اللَّهِ صَلَى الله عليه وسلم الْجَدَّ فَقَالَ مَعْقِلُ بْنُ يَسَارٍ أَنَا وَرَّثَهُ رَسُولُ اللَّهِ صَلَى الله عليه وسلم الْجَدَّ فَقَالَ مَعْقِلُ بْنُ يَسَارٍ أَنَا وَرَّثَهُ رَسُولُ اللَّهِ صَلَى الله عليه وسلم السُّدُسَ . قَالَ مَعَ مَنْ قَالَ لاَ أَدْرِي . قَالَ لاَ دَرَيْتَ فَمَا تُغْنِي إِذًا .

বাংলা

২৮৮৭. ওয়াহব ইবন বাকীয়া (রহঃ) হাসান (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ উমর (রাঃ) জিজ্ঞাসা করলেন, তোমাদের মাঝের কে জানে যে, রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম দাদাকে মীরাছ হিসাবে কি দিয়েছেন? তখন মা'কিল ইবন ইয়াসার (রাঃ) বলেনঃ আমি এ সম্পর্কে জানি। রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম দাদাকে মীরাছ হিসাবে এক-ষষ্ঠমাংশ প্রদান করেছেন। তখন তিনি [উমার (রাঃ)] জিজ্ঞাসা করেনঃ কোন কোন ওয়ারিছের সাথে এক-ষষ্ঠমাংশ পাবে? তখন মাকিল (রাঃ) বলেনঃ এতো আমার জানা নেই। তখন 'উমার (রাঃ) বলেনঃ যদি তুমি না-ই জান, তবে এতে কি লাভ!

English

Al-Hasan reported that Umar asked:

Which of your knows what share the Messenger of Allah (ﷺ) had given to the grandfather from the estate? Ma'qil ibn Yasar said: The Messenger of Allah (ﷺ) gave him a sixth. He asked: Along with whom? He replied: I do not know. He said: You do not know; what is the use then?

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ হাসান বাসরী (রহঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন